

তারিখঃ ২৬ এপ্রিল ২০২৫

প্রতিঃ চীফ রিপোর্টার / বার্তা সম্পাদক ।

বিষয়ঃ আগামী ২৮ এপ্রিল (সোমবার) ২০২৫ তারিখ জাতীয় প্রেসক্লাবের সামনে সকাল ১১ টায় “১৯৯১ সালের ভয়াল ২৯ এপ্রিলের ৩৪ বছর; উপকূলীয় মানুষের সুরক্ষা ও নাগরিক সমাজের দাবী” বিষয়ক মানববন্ধনে একজন সংবাদদাতা ও একজন ফটো সাংবাদিক প্রেরণ প্রসঙ্গে ।

প্রিয় শ্রদ্ধাভাজনেষু,

কোস্ট ফাউন্ডেশন [www.coastbd.net] ও ইক্যুইটিবিডি এর পক্ষ হতে শুভেচ্ছা নিবেন ।

আমরা আপনাকে “১৯৯১ সালের ভয়াল ২৯ এপ্রিলের ৩৪ বছর; উপকূলীয় মানুষের সুরক্ষা ও নাগরিক সমাজের দাবী” বিষয়ক মানববন্ধনে আমন্ত্রণ জানাতে পেরে সম্মানিত বোধ করছি । উক্ত মানববন্ধনটি আগামী ২৮ এপ্রিল ২০২৫ [সোমবার] জাতীয় প্রেস ক্লাবের সামনে সকাল ১১.০০টা-১২.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে ।

আপনি জানেন যে, ১৯৯১ সালের ২৯শে এপ্রিল, বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলসহ পুরো উপকূলবাসীর জন্য এক দুঃসহ স্মৃতির নাম । এই দিনে ২৫০ কিলোমিটার গতির তীব্রতাসম্পন্ন স্রবণকালের ভয়াবহ সুপার সাইক্লোন “ম্যারি এন” চট্টগ্রামের উপকূলে আঘাত হানে এবং ৬মিটার (২০ ফুট) উঁচু জলোচ্ছাসে তলিয়ে গিয়েছিলো বিস্তৃত অঞ্চল, ক্ষতিগ্রস্ত হয়েছিলো ভোলা, নোয়াখালীর হাতিয়া, চট্টগ্রামের সন্দীপ, আনোয়ারা, বাঁশখালী, কক্সবাজারের চকরিয়া, মহেশখালী ও কুতুবদিয়া অঞ্চলসহ দেশের ১৩টি উপকূলীয় জেলার শত শত ইউনিয়ন । সরকারি হিসাবে মৃতের সংখ্যা ছিলো ১ লাখ ৩৮ হাজার ৮৬৬ জন, মারা যায় ২০ লাখ গবাদিপশু । ১ কোটি মানুষ বাস্তুচ্যুত এবং ৭ লাখ ৮৮ হাজার ঘরবাড়ি ধ্বংস হয়েছিলো । সম্পদহানির মূল্য সরকারি হিসাবে ২৫ হাজার কোটি টাকা (১.৫ বিলিয়ন ডলার) ।

প্রলয়ংকারী এই ঘূর্ণিঝড়ের ৩৪ বছর পেরিয়ে গেলেও এখনো স্বজন হারাদের আর্তনাদ থামেনি, গৃহহারা মানুষগুলোর অনেকেই খুজে পায়নি আজো মাথা গোঁজার ঠাঁই । ২৯ এপ্রিলের সেই ধ্বংসযজ্ঞের বেদনাদায়ক স্মৃতি নিয়ে উপকূলবাসীর কাছে প্রতিবছর দিনটি ফিরে আসে । ঘূর্ণিঝড়ের ৩৪ বছর অতিবাহিত হলে ও উপকূলীয় মানুষের সুরক্ষার দাবী কতটা অগ্রাধিকার পেয়েছে? উপকূল কতটা সুরক্ষিত?

উপরোক্ত প্রেক্ষাপটে, আমরা “১৯৯১ সালের ভয়াল ২৯ এপ্রিলের ৩৪ বছর; উপকূলীয় মানুষের সুরক্ষা ও নাগরিক সমাজের দাবী” বিষয়ক মানববন্ধন থেকে জলবায়ু বিপদাপন্ন উপকূলীয় জনগোষ্ঠীর সুরক্ষায় সরকারের কাছে বিভিন্ন দাবি তুলে ধরার জন্য উক্ত মানববন্ধনের আয়োজন করেছি । উপরোল্লিখিত তারিখে অনুষ্ঠিতব্য মানববন্ধনে আপনার সদয় অংশগ্রহণ ও মতামত একান্তভাবে কামনা করছি ।

উক্ত ইভেন্টের সংবাদ ও ছবি সংগ্রহ করার জন্য একজন সংবাদদাতা ও একজন ফটো সাংবাদিক প্রেরণের করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি ।

বিনীত

মোস্তুফা কামাল আকন্দ

পরিচালক- প্রশাসন, কোস্ট ফাউন্ডেশন

মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১

প্রেস কনফারেন্স

বিষয় : “১৯৯১ সালের ভয়াল ২৯ এপ্রিলের ৩৪ বছর; উপকূলীয় মানুষের সুরক্ষা ও নাগরিক সমাজের দাবী”

তারিখ : ২৮ এপ্রিল ২০২৫ [সোমবার]

সময় : ১১.০০টা-১২.০০ টা পর্যন্ত

স্থান/ভেন্যু : জাতীয় প্রেস ক্লাবের সামনে, তোপাখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা